দৈনিক বাংলা

তারিখ ২৮।৭।৮১
পৃষ্ঠা ……… কলাম ………

110

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বস্ত্র বিভাগ
৩৩, মিরপুর রোড, ঢাকা-৫।

# ছাত্র/ছাত্রী ভর্তির পুনঃ বিজ্ঞপ্তি

অত্র বিভাগের অধীনস্থ নিম্নে উল্লিখিত ৬ (ছয়)টি জেলা বয়ন বিদ্যালয়ে (বর্তমানে টেক্সটাইল ইনস্টিটিউট-এ রূপান্তরিত) ১৯৮১-৮২ শিক্ষা বৎসরের জন্য দুই বৎসর মেয়াদী সার্টিফিকেট কোর্সের ভর্তির জন্য আগ্রহী ছাত্র/ছাত্রীদের নিকট হইতে আবেদনপত্র আহবান করা যাইতেছে। সরকারের নির্ধারিত সিলেবাস অনুযায়ী ছাত্র/ছাত্রীদেরকে উইভিং, প্রিন্টিং, ডাইং নিটিং এবং তৈয়ারী পোশাকের উপর তাত্ত্বিক এবং হাতে কলমে শিক্ষা দেওয়া হইবে। ভর্তির জন্য ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা এসএসসি পাস হইতে হইবে। তবে এসএসসি (বিজ্ঞান) পাস হইলে অগ্রাধিকার দেওয়া হইবে। আবেদনপত্রে পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত, দুই কপি সত্যায়িত ফটো ও শেষ শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নকালীন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের নিকট হইতে প্রশংসাপত্র ও চরিত্রগত সার্টিফিকেটসহ আবেদনপত্র অবশ্যই ২১শে জুলাই '৮১ তারিখের মধ্যে স্ব স্ব ইনস্টিটিউট-এর সুপারিনটেনডেন্ট-এর নিকট পৌঁছাইতে হইবে। ইনস্টিটিউটে অধ্যয়নকালীন সময়ের প্রত্যেক ছাত্র/ছাত্রীদের জন্য বৃত্তির ব্যবস্থা রহিয়াছে।

শিক্ষা প্রতিষ্ঠানগুলির ঠিকানা নিম্নে দেওয়া হইল :

১। সুপারিনটেনডেন্ট, টেক্সটাইল ইনস্টিটিউট, পশ্চিম বগুড়া, সি এন্ড বি রোড, বরিশাল।

২। সুপারিনটেনডেন্ট, টেক্সটাইল ইনস্টিটিউট, পুলহাট, দিনাজপুর।

৩। সুপারিনটেনডেন্ট, টেক্সটাইল ইনস্টিটিউট, শালগাড়িয়া, পাবনা।

৪। সুপারিনটেনডেন্ট, টেক্সটাইল ইনস্টিটিউট, টাঙ্গাইল।

৫। সুপারিনটেনডেন্ট, টেক্সটাইল ইনস্টিটিউট বেগমগঞ্জ, নোয়াখালী।

৬। সুপারিনটেনডেন্ট, টেক্সটাইল ইনস্টিটিউট, ফিরোজশাহ, চট্টগ্রাম।

(সিরাজুল ইসলাম)
উপ-পরিচালক (কারিগরি)
বস্ত্র বিভাগ, ঢাকা-৫।

ডবম—৪৯৬৯(১০-৭)
জি—১৮১৫